

৭ম অধ্যায়
বিজিএস
সকলের অধিকার

জাতিসংঘ ১৯৪৮ সালের ১০ই ডিসেম্বর মানুষের অধিকারকে স্থিরূপ দিয়ে অনুমোদন করেছে মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র। এ ঘোষণাপত্র অনুযায়ী জাতি, ধর্ম, বর্ণ, বয়স, নারী-পুরুষ, আর্থিক অবস্থাভেদে বিশ্বের সব দেশের সকল মানুষের এই অধিকারগুলো আছে। সকল সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারগুলো হচ্ছে মানবাধিকার। নিচের ছক থেকে কয়েকটি মৌলিক মানবাধিকার জেনে নিই।

- # স্বাধীনভাবে চলাফেরা করার অধিকার
- # সমাজে সবার সমান মর্যাদার অধিকার
- # শিক্ষা গ্রহণের অধিক
- # প্রত্যেকের নিরাপত্তা লাভের অধিকার
- # নির্যাতন ও অত্যাচার থেকে নিজেকে রক্ষা করার অধিকার
- # বিনা কারণে গ্রেফতার ও আটক না হওয়ার অধিকার
- # আইনের চোখে সমতা
- # সবার নায় মজুরি পাওয়ার অধিকার
- # ন্যায় বিচার পাওয়ার অধিকার
- # সম্পত্তি ভোগ ও সংরক্ষণের অধিকার
- # নিজ নিজ ধর্ম পালনের অধিকার
- # নিজের চিন্তা ও মত প্রকাশের অধিকার
- # নারী-পুরুষ সমান অধিকার

আমরা সবার মানবাধিকার রক্ষায় কাজ করব এবং এ বিষয়ে সকলকে সচেতন করব। কেউ কোনো মানবাধিকার বিরোধী কাজ করলে প্রয়োজনে প্রতিবাদ করব।

এই পাঠ শেষে কিছু গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর নিচে দেওয়া হলো।

১। মানবাধিকার কি?

উত্তরঃ সকল সুযোগ সুবিধা পাওয়ার অধিকার গুলো হচ্ছে মানবাধিকার।

২। কত সালে জাতিসংঘ 'মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র' অনুমোদন করেছে?

উত্তরঃ ১৯৪৮ সালে ১০ই ডিসেম্বর

৩। মানবাধিকার বিরোধী কাজ করলে তোমরা কি করবে?

উত্তরঃ কোনো মানবাধিকার বিরোধী কাজ করলে প্রয়োজনে আমরা প্রতিবাদ করবো।

৪। যেকোনো ২টি মৌলিক মানবাধিকার এর নাম লিখ।

উত্তরঃ ১। শিক্ষা লাভের অধিকার।

২। আইনের চোখে সবাই সমান।

৫। স্বাধীনভাবে চলাফেরার অধিকার বলতে কি বুঝায়?

উত্তরঃ যেকোনো স্থানে চলাফেরা করার অধিকার।

মাহমুজা আক্তার
সিনিয়র শিক্ষক
ড্যাক্টোডিল ইন্টারন্যাশনাল স্কুল, বাবুনহাট।